



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

(www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd)



স্মারক ও তারিখ ঠিক রেখে সংশোধিত

স্মারক নং-৫৭.১৬.০০০০.০০৩.০১১.৪১.০০২.২৩-৪০৪

তারিখ: ০৭ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ
২১ মার্চ, ২০২৪ খ্রিষ্টাব্দ

আলিম পরীক্ষা-২০২৪ এর ফরমপূরণের বিজ্ঞপ্তি

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর আওতাধীন সকল মাদ্রাসা প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে ২০২৪ সালের আলিম পরীক্ষার আবেদন ফরমপূরণের বিভিন্ন কার্যক্রম নিম্নবর্ণিত নির্দেশনা মোতাবেক যথাসময়ে সম্পন্ন করতে অনুরোধ করা হলো।

প্রতিষ্ঠানে একই নামে একাধিক ছাত্র/ছাত্রী থাকতে পারে। সে ক্ষেত্রে ফরমপূরণের সময় তাদের রেজিস্ট্রেশন নম্বর, ছবি ও পিতা-মাতার নাম মিলিয়ে পরীক্ষার্থী সনাক্ত করতে হবে। এর ব্যত্যয় ঘটলে প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

- ২। (ক) কেবল বৈধ রেজিস্ট্রেশনধারী ও নির্বাচনি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী আবেদন ফরমপূরণ করতে পারবে। কোনো পরীক্ষার্থী তার রেজিস্ট্রেশন বহির্ভূত কোনো বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করলে উক্ত বিষয়/বিষয়সমূহের পরীক্ষা কোন যোগাযোগ ছাড়াই বাতিল করা হবে।
(খ) কোন পরীক্ষার্থী তার নিয়ন্ত্রণ বহির্ভূত কোনো কারণ কিংবা শারীরিক অসুস্থতার জন্য নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণ করতে না পারলে কিংবা নির্বাচনি পরীক্ষায় অনুত্তীর্ণ হলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর অভিভাবকের লিখিত আবেদন ও পরীক্ষার্থীর প্রাক নির্বাচনি পরীক্ষার সন্তোষজনক ফলাফলের ভিত্তিতে পরীক্ষার ফরমপূরণ করতে পারবে। সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত প্রতিবন্ধী/সেরিব্রালপলসি বা বিশেষ চাহিদা সম্পন্ন এবং বিশেষভাবে সক্ষম শিক্ষার্থীদের ক্ষেত্রে নির্বাচনি পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি শিথিলযোগ্য।
(গ) শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরীক্ষার্থীদের আলিম পরীক্ষায় অধিকতর সফলতার জন্য প্রতিষ্ঠানের নিজস্ব ব্যবস্থাপনায় প্রয়োজনীয় সংখ্যক বিষয় ভিত্তিক মডেল টেস্ট গ্রহণ করতে পারবে। কিন্তু এ মডেল টেস্ট কোনো পরীক্ষার্থীর জন্য বাধ্যতামূলক নয় এবং এর জন্য অতিরিক্ত ফি ধার্য বা আদায় করা যাবে না।
- ৩। পরীক্ষার্থীদের পরীক্ষার প্রয়োজনীয় ফি বাবদ মোট অর্থ সোনালী ব্যাংকের যে কোনো শাখা থেকে মাদ্রাসা শিক্ষা বোর্ডের রেজিস্ট্রারের অনুকূলে পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ফি পরিশোধ করে তার রশিদ সংরক্ষণ করতে হবে।
- ৪। আলিম পরীক্ষা-২০২৪ শুরু তারিখ: ৩০/০৬/২০২৪ খ্রি.
- ৫। **Online** এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (**Probable list**) প্রদর্শন : শিক্ষার্থীদের তথ্য সংবলিত সম্ভাব্য তালিকা মাদ্রাসা শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (**www.bmeb.gov.bd**) এ ০৪/০৪/২০২৪ তারিখে প্রকাশ করা হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ১৬/০৪/২০২৪ থেকে ২৫/০৪/২০২৪ তারিখের মধ্যে **Online** এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরমপূরণ (**eFF**) সম্পন্ন করতে হবে।
(ক) প্রতিষ্ঠানসমূহ মাদ্রাসা বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে **eFF** এ ক্লিক করে **EIIN** ও **Password** দিয়ে **Login** করে **Probable list** এ যেতে হবে এবং **Print** করে হার্ডকপিতে লালকালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে পরীক্ষার্থী নির্ধারণ করতে হবে।
(খ) উক্ত হার্ডকপি **Probable list** এ টিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত **Probable list** থেকে **Select** করতে হবে।
(গ) **Temporary List Print** করে ভালভাবে যাচাই/বাছাই করে প্রয়োজন হলে **Select/ UnSelect** করা যাবে।
(ঘ) এরপর পেমেন্ট বাটনে ক্লিক করে সোনালী ব্যাংকের পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ফরমপূরণের ফি প্রদান করতে হবে।
(ঙ) ফি জমা দেওয়ার সর্বশেষ তারিখ ২৮/০৪/২০২৪। ফি এর টাকা ব্যাংকে জমা দেয়ার ২৪ ঘণ্টার মধ্যে **Final Candidate List Print Active** হবে।
(চ) **Final Candidate List Print** করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন।
(ছ) প্রয়োজন হলে শিক্ষা প্রতিষ্ঠান নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট শিক্ষার্থীদের মধ্য থেকে ফরম পূরণের কাজ একইভাবে সম্পন্ন করতে পারবে।
বিলম্ব ফি সহ ২৯/০৪/২০২৪ থেকে ০২/০৫/২০২৪ পর্যন্ত অনলাইনে ফরমপূরণ (**eFF**) করা যাবে। ফি জমা দেয়ার সর্বশেষ তারিখ ০৫/০৫/২০২৪।
- ৬। পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট কপি শিক্ষা প্রতিষ্ঠানে ০১ (এক) কপি সংরক্ষণ করতে হবে।